



## কম্পিউটার প্রতিদিন

# গেমে আসছে হাতিরঝিল



### হাতিরঝিলের রাস্তায় ছুটেছে রেসিং কার

ঢাকার নয়নাভিরাম এলাকা হিসেবে ইতিমধ্যে বেশ জনপ্রিয়তা পেয়েছে হাতিরঝিল। শুধু দ্রুত যাতায়াতই নয়, বরং বিনোদন ও বেড়ানোর জায়গা হিসেবে তৈরি করা হয়েছে এই এলাকা। ঢাকাবাসীর পাশাপাশি সারা দেশের অনেকেই এ প্রকল্প দেখতে আসেন। এবার হাতিরঝিল নিয়ে তৈরি হচ্ছে কম্পিউটার গেমস। 'হাতিরঝিল' নামের এ গেম তৈরি করেছে ম্যাসিভস্টার স্টুডিও।

সব মিলিয়ে ৩১ স্তরের (লেভেল) এ গেমটির মাধ্যমে পুরো হাতিরঝিল এলাকাই ঘুরতে পারবেন যে কেউ। গেমের বিষয়ে ম্যাসিভস্টার স্টুডিওর প্রধান নির্বাহী এস এম মাহবুব আলম প্রথম আলোকে বলেন, হাতিরঝিল নামের বিশাল এক কম্পিউটার গেমসের সিরিজ হিসেবে আসছে গেমটি। গেমসের প্রথম পর্বের নাম 'হাতিরঝিল ড্রিম বিগিনস'। শিগগিরই গেমটি আনুষ্ঠানিকভাবে

### গেমে হাতিরঝিল

বাজারে ছাড়া হবে বলেও তিনি জানান। হাতিরঝিল গেমের ডিজাইন করা হয়েছে স্বপ্ন আর বাস্তবতার মিশ্রণে। পুরো পরিবারকে নিয়ে উপভোগ করা যাবে এ গেমস। গেমসে মোটর গাড়ি, স্পিডবোট ও বিমান চালাতে হবে। প্রতিটি স্তরেই আছে নানা রকম চ্যালেঞ্জ। এসব চ্যালেঞ্জ মোকাবিলা করে গেমার এগিয়ে যাবেন।

এস এম মাহবুব আলম বলেন, 'হাতিরঝিল গেমটি শেষ হবে না। প্রতিবছর নতুনভাবে আসতেই থাকবে। নতুন প্রজন্মের কাছে নতুন কিছু তুলে দিতে পেরে আমাদের খুবই ভালো লাগছে।' হাতিরঝিল গেমটি বানিয়েছে দেশের তরুণ প্রযুক্তিবিদরা।

নির্মাতারা জানান হাতিরঝিল কম্পিউটার গেম ছাড়ার পর স্মার্টফোনে খেলার জন্য এর অ্যান্ড্রয়েড সংস্করণও তৈরি করা হবে। —রাহিতুল ইসলাম